# Sanatan Dharma



**রাম চন্দ্র কেন 14 বছরের জন্যই বনবাসে গিয়েছিলেন?**

রাম চন্দ্র কেন 14 বছরের জন্যই বনবাসে গিয়েছিলেন?  বা  কৈকেয়ী ঠিক 14 বছরের জন্যই কেন রামচন্দ্রকে বনবাসে পাঠিয়েছিলেন?
তার বেশ কয়েকটি মতবাদ আমি খুঁজে পেলাম।
আমি জানিনা রামায়ণের কোথাও এর সঠিক ব্যাখ্যা আছে কিনা।
যদি কেউ সঠিক কারণটি জানেন তাহলে অবশ্যই তা জানাবেন।
প্রথমে যে ব্যাখ্যাটি সর্বজন গ্রাহ্য সেটি বলি।
১) একবার দণ্ডকারণ্যে দেবতা ও অসুরদের মধ্যে যুদ্ধ হয়।দেবরাজ ইন্দ্রের পক্ষ নিয়ে অযোধ্যার রাজা দশরথ অসুরদের বিরুদ্ধে যুদ্ধ করেন। কথিত আছে কৈকেয়ীর একটি হাত বরপ্রাপ্ত হওয়ার কারণে অসম্ভব শক্তিশালী ছিল। তাই রাজা দশরথ তাঁকে যুদ্ধে সঙ্গী করেছিলেন।এই সময় শম্বরা অসুরের সাথে প্রচন্ড যুদ্ধে রাজা দশরথ মাটিতে পড়ে অজ্ঞান হয়ে যান। কৈকেয়ী সেই অবস্থায় রাজাকে তুলে নিয়ে দ্রুত রথ চালনা করে সুরক্ষিত স্থানে নিয়ে আসেন ও পরবর্তী সময়ে সেবা শুশ্রষায় তাঁকে সুস্থ করে তোলেন। রাজা খুশি হয়ে কৈকেয়ীকে দু'টি বর দিতে চান। কৈকেয়ী সেগুলি পরে চেয়ে নেবেন বলেন। অনেক বছর পরে যখন দশরথ রামকে রাজারূপে অভিষিক্ত করতে চান তখন দাসী কুঁজী মন্থরার কুপরামর্শে কৈকেয়ী সেই বর দুটি চেয়ে বসেন।এক রামকে 14 বছরের বনবাস।দুই ভরতকে অযোধ্যার রাজসিংহাসনে

Published on: Nov, 21 2024 11:14

অভিষিক্ত করা।
বাল্মীকি রামায়ণ অনুসারেঃ-
( রামকে 9+5=14 বৎসরের জন্য দণ্ডকারণ্যে আশ্রয় নিতে হবে , তপস্বির ন্যায় জটাধারী ও হরিণের ছাল পরিধান করতে হবে।
ত্রেতোযুগে রাজার আইন অনুযায়ী যদি উত্তরাধিকারী কেউ 14 বছরের জন্য সম্পত্তির দখল না নেন বা সম্পত্তির ভোগ দখল ত্যাগ করে দূরে থাকেন বা নিরুদ্দেশ হয়ে যান তাহলে তাঁকে মৃতরূপে পরিগণিত করা হয়। অর্থাৎ তাঁর সম্পত্তির ওপর আর কোনও অধিকার থাকে না।
এই নিয়মের বেড়াজালে আবদ্ধ থাকার কারণকে রানী কৈকেয়ী অস্ত্র হিসাবে ব্যাবহার করে নিজের পুত্র ভরতের রাজসিংহাসনের দাবীকে কণ্টকশূন্য করতে চেয়েছিলেন।বেশভুষা এই ধরনের করার উদ্দেশ্য হল যাতে বনবাসে রাম কীট পতঙ্গ বা জন্তু দ্বারা আক্রান্ত হয়ে অসুস্থ হয়ে পড়েন বা মৃত্যু লাভ করেন।
কিন্তু ভরত নিজে রাজা না হয়ে রামের পাদুকা সিংহাসনে রেখে রাজ্য শাসন করেছিলেন। তাই এই নিয়মটি কার্যকর হয়নি।
২) আরেকেটি মত অনুযায়ী □ রামচন্দ্র বনবাসে যাওয়ার সময় থেকে শুরু করলে রাবণের আয়ু আরও 14 বছর বাকি ছিল।তাই পূর্ব নির্ধারিত নিয়তি লিখন অনুযায়ী কৈকেয়ীর মাধ্যমে এই লিখন কার্যকারী হয়।
৩) অপর মতে □ রাজা দশরথ ও ঋষি বশিষ্ঠ মিলে রামের রাজ্যাভিষেকের সিদ্ধান্ত নেন। এর 14 দিন পর রাজা দশরথ রানী কৈকেয়ীকে এই সিদ্ধান্তের কথা জানান।কৈকেয়ী এই ঘটনায় ক্ষিপ্ত হয়ে এক এক দিনের সমান এক এক বৎসর চেয়ে নেন শাস্তি স্বরূপ।

Published on: Nov, 21 2024 11:14